

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা -১০০০

স্মারক নম্বর-

তারিখ:

কেয়ারগিভার কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

‘কেয়ারগিভার’ বা ‘শুশ্রূষাকারী’ হিসেবে জাপান গমনেচ্ছু প্রার্থীদের জন্য কেয়ারগিভার কোর্স পরিচালনা করা হবে। সে লক্ষ্যে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীনস্থ কেরানীগঞ্জ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), হযরতপুর, কেরানীগঞ্জ, ঢাকা ০১ ডিসেম্বর ২০১৮ইং হতে ৪(চার) মাস মেয়াদী কেয়ারগিভার কোর্সে ভর্তি হওয়ার জন্য বাংলাদেশের প্রকৃত মহিলা নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

- আবেদনকারীদের ভর্তি হওয়ার জন্য নিম্নলিখিত শর্তসমূহ পূরণ করতে হবে:
 - ০১/১২/২০১৮ইং তারিখে বয়স ২০ হতে ২৯ বছর।
 - শিক্ষাগত যোগ্যতা এইচ.এস.সি.। স্মার্ট ও উদ্যমী প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি পর্যন্ত শিথিল যোগ্য।
 - জাপানী ভাষা জানা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
 - জাপানী ভাষা (Level-N4) শেখার মানসিক প্রস্তুতি থাকতে হবে।
 - প্রার্থীদের বিনয়ী, স্মার্ট, ধৈর্যশীল এবং নতুন বিষয়াদি শিখতে আগ্রহী হতে হবে।
 - শিশু এবং বয়স্ক ও শয্যাশায়ী বৃদ্ধদের সেবাদানের মানসিকতাসম্পন্ন এবং সর্বোপরী মানবিক মূল্যবোধ সম্পন্ন হতে হবে।
 - বিদেশে কাজ করতে আগ্রহী হতে হবে।
 - শারিরিক যোগ্যতা :- উচ্চতা কমপক্ষে ৪ ফুট ৬ ইঞ্চি এবং ওজন সর্বনিম্ন ৪০ কেজি।
- উল্লিখিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের বায়ো-ডাটার স্ক্যানকপি বিএমইটি, কেরানীগঞ্জ টিটিসি, মানুষের জন্য ফাউন্ডেশন-এর ওয়েবসাইটে যথাক্রমে (bmet.caregiver@gmail.com), (keranigonjttc@yahoo.com), (sarawat@manusher.org) ই-মেইলে আগামী ২০/১১/২০১৮ ইং তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। ই-মেইলে সাবজেক্ট লাইনে ‘Application for admission in Caregiver Course’ কথাটি লিখতে হবে। আবেদনের সাথে অন্য কোন কাগজপত্র সংযুক্ত করার দরকার নেই। আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করতঃ প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহন করা হবে।
- সাক্ষাৎকারের সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদি আনতে হবেঃ
 - অনলাইনে আবেদনপত্রের কপি।
 - এইচ.এস.সি./এস.স.সি. মূল সনদপত্র ও ১(এক) সেট সত্যায়িত ফটোকপি।
 - সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।
 - জাপানি ভাষায় দক্ষতা সংক্রান্ত মূল সনদপত্রসহ ১(এক) সেট ফটোকপি (যদি থাকে)।
 - মূল জাতীয় পরিচয়পত্রসহ (National ID) অথবা জন্ম সনদসহ (Birth Certificate) ১সেট ফটোকপি।
- প্রশিক্ষণার্থীদের থাকার ব্যবস্থা টিটিসিতে করা হবে। তবে খাওয়া বাবাদ খরচ নিজেই বহন করতে হবে।
- আবেদনকারীদের সাক্ষাৎকার কেরানীগঞ্জ টিটিসিতে ২২/১১/২০১৮ ইং তারিখে সকাল ১০ ঘটিকায় গ্রহন করা হবে এবং বিকাল ৩ ঘটিকায় ফলাফল প্রকাশ করা হবে।
- আবেদনকারীদের কাছ থেকে ভর্তি ফি বাবদ অফেরতযোগ্য এককালীন ৫০০০/- টাকা নেওয়া হবে।
- ভর্তির তারিখ ২৫/১১/২০১৮ইং থেকে ২৯/১১/২০১৮ইং পর্যন্ত।
- যোগাযোগে :
 - অধ্যক্ষ : ০১৭১৬৩৭৩৩৯৪
 - মানুষের জন্য ফাউন্ডেশন: ০১৭২৭৬৫৫১৫৩
 - ভাষা শিক্ষক : ০১৭১৮১০১৬০১

মহাপরিচালক
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ

বিনা খরচে সরকারী প্রক্রিয়ায় চাকুরী নিয়ে জাপানে